গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন শাখা-১
www.rdcd.gov.bd

স্মারক নং-৪৭.০০.০০০০.০৩১.০৬.০১৮.১৯- ১১৭৬

তারিখ: ০৮ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ
২৩ ডিসেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী প্রেরণ।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রস্তুতিমূলক সভা গত ১৫/১২/২০১৯ তারিখে এ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০২ (দুই) ফর্দ।

২৩.১২.২০১৯

(মোঃ মিজানুর রহমান)
উপসচিব
ফোনঃ +৮৮-০২- ৯৫৭০৬৪৬
(e-mail: admin1.section@rdcd.gov.bd)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

০১। প্রধান সমন্বয়ক, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি, ৫ম তলা, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ভবন, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০ [(দৃঃ আঃ সৈয়দ নাসির এরশাদ, যুগ্মসচিব) **সদয় অবগতির জন্য**]।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (**দৃঃ আঃ জনাব মোঃ এরশাদুল হক, উপসচিব, সমন্বয় ও কাউন্সিল শাখা**)।
০৩। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা।
০৪। অতিরিক্ত সচিব (প্রঃ ও বাঃ)/(পরিকল্পনা ও উন্নয়ন)/(প্রতিষ্ঠান), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।
০৬। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা।
০৭। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি: (মিল্ক ইউনিয়ন), ঢাকা।
০৮। প্রকল্প পরিচালক, আমার বাড়ী আমার খামার প্রকল্প, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩, পশ্চিম অংশ) ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
০৯। মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া।
১০। ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ), পল্লী ভবন, কারওয়ান বাজার, ঢাকা।
১১। যুগ্মসচিব (আইন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। মহাপরিচালক, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড), কোটালীপাড়া, গোপালগঞ্জ।
১৩। প্রকল্প পরিচালক, সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি-৩য় পর্যায়) প্রকল্প, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।
১৪। মহাব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লি:, ৯/ডি, মতিঝিল, ঢাকা-১০০০।
১৫। ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, বাড়ি নং-০৫, এভিনিউ-০৩, রূপনগর, মিরপুর, ঢাকা।
১৬। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (**মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য**)।
১৭। সচিবের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (**সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য**)।
১৮। উপসচিব (প্রশাসন/বাজেট/এপিএ, এনআইএস/প্রতিষ্ঠান শাখা-২/প্রশাসন, সমবায়/উন্নয়ন/প্রশাসন শাখা-১/আইন/প্রতিষ্ঠান-১), এ বিভাগ।
১৯। উপপ্রধান (পরিকল্পনা), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০। সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (**ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ**)।।
২১। সিঃ সহঃ সচিব/সহকারী সচিব, উন্নয়ন শাখা/আইন শাখা/প্রতিষ্ঠান শাখা-১/বাজেট শাখা-১ ও ২/পরি: ও উন্নয়ন শাখা:-১/২/৩/৪/৫/৬, এ বিভাগ।
২২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
২৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪। প্রোগ্রামার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫। সহকারী প্রোগ্রামার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬। সহকারী মেইনটেন্যান্ট ইঞ্জিনিয়ার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭। নির্বাহী সচিব, জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন, ফেডারেশন ভবন, মতিঝিল, ঢাকা।
২৮। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন শাখা-১
www.rdcd.gov.bd

বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও মুজিববর্ষ (২০২০-২০২১) উদ্‌যাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতিঃ	জনাব মো: রেজাউল আহসান, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
সভার তারিখ ও সময়ঃ	১৫-১২-২০১৯ খ্রি:, সকাল ১১: ০০ ঘটিকা
সভার স্থানঃ	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সভা কক্ষ (ভবন নং-৭, কক্ষ নং-৬৩৩, ৭ম তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা "পরিশিষ্ট-ক" সদয় দ্রষ্টব্য।

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান যে, আগামী ১৭ মার্চ ২০২০ হতে ১৭ মার্চ ২০২১ তারিখ পর্যন্ত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় জাতীয় এবং আন্তর্জাতিকভাবে উদ্‌যাপনের লক্ষ্যে সরকার 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় কমিটি' এবং 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি' গঠন করেছে। তিনি আরও জানান যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন একটি বিশাল কর্মযজ্ঞ। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-১) জনাব মো: মিজানুর রহমান জানান যে, এ বিষয়ে গত ১৫/০৫/২০১৯ খ্রি: তারিখে এবং ১১/০৭/২০১৯ খ্রি: তারিখে এ বিভাগের সমন্বিত কর্ম পরিকল্পনা প্রণয়ন বিষয়ে সভা অনুষ্ঠিত হয়। সেপ্রেক্ষিতে জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক গৃহীত কেন্দ্রীয় কর্মসূচির পাশাপাশি এ বিভাগ স্ব-উদ্যোগে দপ্তর/সংস্থার সমন্বয়ে নানা কর্মসূচি গ্রহণ করেছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি হতে প্রাপ্ত সমন্বিত কর্ম-পরিকল্পনার মধ্যে এ বিভাগ সংশ্লিষ্ট নিম্নোক্ত দু'টি কর্মসূচি বাস্তবায়নের জন্য এ বিভাগ হতে দু'টি কমিটি গঠন করা হয়েছে:

(I) "বঙ্গবন্ধুর সমবায় ভাবনা এবং আন্তর্জাতিক/বৈশ্বিক সমবায় নীতি" বিষয়ে International Cooperative Alliance (ICA) ও African-Asian Rural Development Organization (AARDO)-এর সহযোগিতায় দু'টি আন্তর্জাতিক সেমিনার আয়োজন এবং

(II) গ্রাম ভিত্তিক গণমুখী সমবায় ভাবনার আলোকে ১৬ টি গ্রামকে 'আমার গ্রাম আমার শহর' ধারণায় শহরের সুবিধা সৃষ্টির লক্ষ্যে পাইলট প্রকল্প গ্রহণ।

৩.০ নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর সভায় জানান যে, "বঙ্গবন্ধুর সমবায় ভাবনা এবং আন্তর্জাতিক/বৈশ্বিক সমবায় নীতি" বিষয়ে International Cooperative Alliance (ICA) ও African-Asian Rural Development Organization (AARDO)-এর সহযোগিতায় দু'টি আন্তর্জাতিক সেমিনার আয়োজনের বিষয়ে সেমিনারের স্থান সমবায় অধিদপ্তরের মিনি অডিটোরিয়াম নির্ধারণ করা হয়। আগামী ২০২০ সালের জুলাই মাসের ৪, ৫, ৬ তারিখে ICA-এর সহযোগিতায় একটি সেমিনার এবং আগামী ২০২১ সালের ফেব্রুয়ারি মাসের মাঝামাঝি সময়ে AARDO-এর সহযোগিতায় অপর সেমিনারটি আয়োজনের প্রাথমিক সিদ্ধান্ত নেয়া হয়। প্রতিটি সেমিনারে ১০ জন বিদেশী রিসোর্স পারসন এবং স্থানীয় অংশগ্রহণকারী ১৪০ জন সহ মোট ১৫০ জন অংশগ্রহণকারী উপস্থিত থাকবেন। এছাড়া, সমবায় অধিদপ্তর সেমিনারের একটি খসড়া Concept Note প্রণয়ন করবে। গ্রাম ভিত্তিক গণমুখী সমবায় ভাবনার আলোকে ১৬ টি গ্রামকে 'আমার গ্রাম আমার শহর' ধারণায় শহরের সুবিধা সৃষ্টির লক্ষ্যে পাইলট প্রকল্প গ্রহণের নিমিত্ত সমবায় অধিদপ্তর কর্তৃক গ্রামীণ সম্পদের সুষ্ঠু ও সুষম ব্যবহার নিশ্চিত রাখা, গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টি, জৈব জ্বালানীর ব্যবহার, যোগাযোগ ও বাজার অবকাঠামো সৃষ্টি, তথ্য প্রযুক্তি অবকাঠামো সৃষ্টির মাধ্যমে সকল সেবা সহজলভ্য করাসহ সংশ্লিষ্ট বিষয়সমূহকে প্রাধান্য দিয়ে ডিপিপি প্রণয়ন করা হচ্ছে।

৪.০ সভাপতি উক্ত দু'টি কর্মসূচি ব্যতীত সকল দপ্তর/সংস্থা কর্তৃক গৃহীত কর্ম পরিকল্পনার সর্বশেষ বাস্তবায়ন বিষয়ে সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি'র নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপর গুরুত্বারোপ করেন। সকল দপ্তর/সংস্থার কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

৫.০ অত:পর বিস্তারিত আলোচনাক্রমে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রঃ নং	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	"বঙ্গবন্ধুর সমবায় ভাবনা এবং আন্তর্জাতিক/বৈশ্বিক সমবায় নীতি" বিষয়ে International Cooperative Alliance (ICA) ও African-Asian Rural Development Organization (AARDO)-এর সহযোগিতায় দু'টি আন্তর্জাতিক সেমিনার আয়োজন।	আগামী ২০২০ সালের জুলাই মাসের ৪, ৫, ৬ তারিখে ICA-এর সহযোগিতায় একটি সেমিনার এবং আগামী ২০২১ সালের ফেব্রুয়ারি মাসের মাঝামাঝি সময়ে AARDO-এর সহযোগিতায় অপর সেমিনারটি আয়োজন করতে হবে। সেমিনার দু'টি আয়োজনের বাস্তবায়ন অগ্রগতি প্রতি মাসে এ বিভাগে প্রেরণ করতে হবে।	(ক) নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর; (খ) মহাপরিচালক, বার্ড, কুমিল্লা; (গ) মহাপরিচালক, আরডিএ, বগুড়া এবং (ঘ) অতিরিক্ত নিবন্ধক (ইপিপি), সমবায় অধিদপ্তর।
২.	গ্রাম ভিত্তিক গণমুখী সমবায় ভাবনার আলোকে ১৬ টি গ্রামকে 'আমার গ্রাম আমার শহর' ধারণায় শহরের সুবিধা সৃষ্টির লক্ষ্যে পাইলট প্রকল্প গ্রহণ	উক্ত পাইলট প্রকল্প গ্রহণের জন্য স্থান নির্ধারণের বিষয়ে স্থানীয় প্রশাসনের সহযোগিতায় নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর; মহাপরিচালক, আরডিএ, বগুড়া; মহাপরিচালক, বার্ড, কুমিল্লা এবং মহাপরিচালক, বাপার্ড, গোপালগঞ্জ সম্ভাব্যতা সমীক্ষা যাচাই করে মতামত আগামী ৩০/১২/২০১৯ খ্রি: তারিখের মধ্যে অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), এ বিভাগ বরাবর প্রেরণ করবে। উক্ত মতামতের ভিত্তিতে সমবায় অধিদপ্তর জরুরি ভিত্তিতে ডিপিপি প্রণয়ন করে এ বিভাগে প্রেরণ করবে।	(ক) অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), এ বিভাগ; (খ) নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর; (গ) মহাপরিচালক, আরডিএ, বগুড়া; (ঘ) মহাপরিচালক, বার্ড, কুমিল্লা এবং (ঙ) মহাপরিচালক, বাপার্ড, গোপালগঞ্জ।
৩.	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির নির্দেশনা অনুযায়ী সংশোধিত কর্মপরিকল্পনা বাস্তবায়ন	সকল দপ্তর/সংস্থা নিজস্ব বাজেটের মধ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির নির্দেশনা অনুযায়ী সংশোধিত কর্মপরিকল্পনা ও এ পরিকল্পনার সাথে সামঞ্জস্য রেখে স্ব-উদ্যোগে নেয়া কর্মসূচি বাস্তবায়ন করবে।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং সকল দপ্তর/সংস্থা।
৪.	সকল দপ্তর/সংস্থা নিজস্ব বাজেটের মধ্যে জাতীয় বাস্তবায়ন কমিটির নির্দেশনা অনুযায়ী সংশোধিত কর্মপরিকল্পনা ও এ পরিকল্পনার সাথে সামঞ্জস্য রেখে স্ব-উদ্যোগে নেয়া কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।	সকল দপ্তর/সংস্থা নিজস্ব বাজেটের মধ্যে জাতীয় বাস্তবায়ন কমিটির নির্দেশনা অনুযায়ী সংশোধিত কর্মপরিকল্পনা ও এ পরিকল্পনার সাথে সামঞ্জস্য রেখে স্ব-উদ্যোগে নেয়া কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে এ বিভাগের অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে।	অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং সকল দপ্তর/সংস্থা।

৬.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: রেজাউল আহসান)
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ